



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/7/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল অত্যাধুনিক আবহাওয়া ঝুঁকি যোগাযোগ কেন্দ্র শুরুর ঘোষণা করলেন

*এ ধরনের প্রথম এই কেন্দ্রটি চরম আবহাওয়ার পূর্বে, চলাকালে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণকে বলীয়ান করবে*

*1.5 মিলিয়ন মার্কিন ডলারের বার্ষিক বিনিয়োগ জনগণের সাথে চরম আবহাওয়ার ঝুঁকি সম্পর্কে যোগাযোগ উন্নত করবে*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে অ্যালবানি ইউনিভার্সিটিতে নিউ ইয়র্কের স্টেট আবহাওয়া ঝুঁকি যোগাযোগ কেন্দ্র (State Weather Risk Communication Center, SWRCC) তৈরি করা হয়েছে, এটি ইউনিভার্সিটির গবেষক এবং স্টেটের জরুরি ব্যবস্থাপকদের মধ্যে এ ধরনের প্রথম প্রয়োগ সংক্রান্ত সহযোগিতামূলক কাজ। একটি বার্ষিক 1.5 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের মাধ্যমে, কেন্দ্রটি অতি গুরুত্বপূর্ণ আবহাওয়া তথ্যের নিকাশঘর হিসেবে কাজ করবে এবং সম্প্রদায়সমূহকে রক্ষা করার জন্য জরুরি ব্যবস্থাপকদেরকে আরো অবগত, সময় সংবেদনশীল সিদ্ধান্ত গ্রহণ করতে সাহায্য করার জন্য নতুন যন্ত্রাদি তৈরি করবে। এছাড়াও চরম আবহাওয়া সম্পর্কিত ঝুঁকি বিষয়ে স্টেট এবং এর অংশীদারগণ কীভাবে জনগণের সাথে যোগাযোগ করে এবং এই বার্তা কীভাবে উন্নত করা যায় তা কেন্দ্রটি পর্যবেক্ষণ করবে।

"নিউ ইয়র্কবাসীরা খুব ভালো করেই জানে যে জলবায়ু পরিবর্তনের কারণে আমাদের স্টেটে আরো ঘনঘন, তীব্র, এবং অননুমোদিত ঝড় হছে, এবং সাড়াদানে সাহায্য করার জন্য আমাদের উদ্ভাবনী চিন্তার প্রয়োজন," **গভর্নর হোকল বলেন।** "আমরা চরম আবহাওয়া ঘটনার ক্রমবর্ধমান ঝুঁকির সম্মুখীন হয়েছি, তাই আমাদের প্রস্তুতি বলীয়ান করার জন্য এবং নিউ ইয়র্কবাসীকে জরুরি অবস্থার পূর্বে, চলাকালে, এবং পরবর্তীতে অবগত রাখার জন্য নিউ ইয়র্কের আবহাওয়া ঝুঁকি যোগাযোগ কেন্দ্র প্রতিষ্ঠা করতে পেরে আমি গর্বিত।"

বিশেষ করে, কেন্দ্রের কাজ জাতীয় আবহাওয়া সেবার (National Weather Service, NWS) উচ্চমানের পূর্বাভাস এবং নিউ ইয়র্ক স্টেট মেসোনেটের (New York State Mesonet) সম্পূর্ণ ডেটাকে অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো সম্পর্কে মাঠপর্যায়ের ডেটার সাথে মিলিয়ে নতুন সিদ্ধান্ত সমর্থক পণ্য তৈরি করবে যা জরুরি ব্যবস্থাপকদের বিশেষ প্রয়োজনের জন্য মানানসইভাবে তৈরি করা হবে। উদাহরণস্বরূপ, সেপ্টেম্বর মাসের ব্যাপক ঝড় যার কারণে মাত্র 24 ঘণ্টায় নিউ ইয়র্ক সিটিতে সাত ইঞ্চির বেশি বৃষ্টিপাত হয়েছে তা চলাকালে কেন্দ্রটি সিটির সিউয়ার অবকাঠামো এবং ধারণক্ষমতা সম্পর্কিত ডেটা দ্বারা আধুনিক আবহাওয়া পর্যবেক্ষণ দ্বারা

অবগত বাস্তব সময় মানচিত্র তৈরি করতে পারতো, যা কোথায় এবং কখন বন্যা হতে পারে তা স্থির করতে এবং কখন মানুষকে সরিয়ে নেওয়া প্রয়োজন তা নির্ণয় করতে সাহায্য করতে পারতো। পাশাপাশি, একটি তুষারঝড়ের পূর্বে বা চলাকালীন সময়ে, কেন্দ্রটি পূর্বাভাস ও মেসোনেট ডেটা পর্যবেক্ষণ করবে এবং তা দ্বারা রাস্তার পৃষ্ঠতলের তাপমাত্রার মানচিত্র তৈরি করবে এবং রাস্তার প্রাক ব্যবস্থাপনা পরিকল্পনাকে অবগত করবে।

কেন্দ্রের সহায়তা শুধু স্টেট পর্যায়ের জরুরি ব্যবস্থাপকদের জন্য সংরক্ষিত থাকবে না। আবহাওয়া সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণে সমর্থনের প্রয়োজন আছে এমন নিউ ইয়র্কের অন্যান্য সরকারি সত্তার জন্যও এর সংস্থান ও দক্ষতা উপলভ্য থাকবে, উদাহরণস্বরূপ এর মধ্যে স্কুলের সুপারিন্টেনডেন্ট অন্তর্ভুক্ত থাকবে যাদের স্কুল বন্ধ সম্পর্কে অবগত করতে সমর্থন প্রয়োজন হয়।

যখন চরম আবহাওয়ার পূর্বাভাস থাকবে না তখন SWRCC জরুরি আবহাওয়া প্রশিক্ষণ ও কর্মশালা প্রদান করার জন্য স্টেটের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবে, এবং সেই সাথে আবহাওয়ার জরুরি অবস্থার ঘটনা পরবর্তী বিশ্লেষণের জন্য এবং কীভাবে চরম আবহাওয়া সম্পর্কিত ঝুঁকির ব্যাপারে স্টেট ও এর অংশীদারগণ যোগাযোগ করেন তা পরীক্ষা করার জন্য প্রস্তুত হবে।

**অ্যালবানি ইউনিভার্সিটির (University at Albany) প্রেসিডেন্ট হাভিদান রদ্রিগেজ বলেন,** "পরিবর্তনশীল জলবায়ুর কারণে নিউ ইয়র্কবাসীরা ঘনঘন চরম আবহাওয়ার ঘটনার সম্মুখীন হচ্ছে, তাই আমাদের আবহাওয়া ও জলবায়ু গবেষকদের দক্ষতা যাতে জীবন ও সম্পদ রক্ষার দায়িত্বে থাকা জরুরি ব্যবস্থাপক ও প্রথম সাড়াদানকারীদের জন্য সম্পূর্ণ উপলভ্য থাকে না নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক স্টেটের সাথে অংশীদারিত্ব করতে পেরে অ্যালবানি ইউনিভার্সিটি সম্মানিত হয়েছে। স্টেটের আবহাওয়া ঝুঁকি যোগাযোগ কেন্দ্রের সূচনার কৃতিত্ব জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট ঝুঁকি মোকাবেলায় গভর্নর হোকলের অগ্রগামী চিন্তার পন্থার, ইউনিভার্সিটিগুলি কীভাবে গবেষণাকে বাস্তব জীবনে অনুবাদ করতে পারবে তার জন্য এটি একটি আদর্শ এবং নিরাপদতর, আরো অবগত এবং আরো স্থিতিশীল নিউ ইয়র্ক গঠনের দিকে একটি অত্যাবশ্যকীয় ধাপ।"

**স্টেটের আবহাওয়া ঝুঁকি যোগাযোগ কেন্দ্রের পরিচালক নিক ব্যাসিল বলেন,** "আমাদের প্রতিদিনের সিদ্ধান্ত গ্রহণে আবহাওয়া তথ্যকে জড়িত করার ক্ষেত্রে দেশের শীর্ষে পৌঁছানোর জন্য প্রয়োজনীয় সকল উপকরণ নিউ ইয়র্কের কাছে ইতিমধ্যেই রয়েছে, এবং আমাদের স্টেটের আবহাওয়া ঝুঁকি যোগাযোগ কেন্দ্রের মাধ্যমে এটিকে সম্ভব করতে সাহায্য করতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। আমরা জাতীয় আবহাওয়া সেবার দুর্দান্ত সেবাকে অগ্রসর করবো এবং জরুরি ব্যবস্থাপনা, পরিবহন এবং শক্তিতে আমাদের অংশীদারদের সাথে হাতে কলমে কাজ করবো যাতে একটি ঝড়ের পূর্বে, চলাকালে, এবং পরবর্তীতে তাদেরকে তাদের প্রয়োজনীয় তথ্য প্রদান করতে পারি। একই সাথে, সামাজিক বিজ্ঞানী এবং সফটওয়্যার ডেভেলপাররা আরো উন্নত যন্ত্রাদি এবং যোগাযোগের কৌশল গঠন করতে পারবে। অ্যালবানি ইউনিভার্সিটিতে অবস্থান করার ফলে আমরা এছাড়াও একটি বলিষ্ঠ শিক্ষার্থী ইন্টারশিপ কর্মসূচি যুক্ত করার মাধ্যমে আগামী প্রজন্মের জন্য দক্ষদের প্রশিক্ষণ প্রদান করতে পারবো।"

**নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের কমিশনার জ্যাকি ব্রে বলেন,** "জলবায়ু পরিবর্তন চরম আবহাওয়াকে আরো ঘনঘন এবং তীব্র করছে, তাই নিউ ইয়র্ক স্টেটে এই মুহূর্তের মোকাবেলা করার জন্য আমরা প্রস্তুতি, সাড়াদান ক্ষমতা এবং স্থিতিস্থাপকতাকে বলীয়ান করছি। প্রস্তুতি এবং জরুরি সাড়াদানে গভর্নর হোকলের নেতৃত্ব, এবং অ্যালবানি ইউনিভার্সিটিতে আমাদের অংশীদারদের দক্ষতা, এবং জাতীয় আবহাওয়া সেবার সাথে আমাদের চলমান অতি গুরুত্বপূর্ণ অংশীদারিত্বের ফলে, নতুন এই কেন্দ্রটি শুধু আমাদেরকে চরম আবহাওয়ার ঘটনার সময় সেবা সিদ্ধান্ত নিতে সাহায্য করবে না, বরং আরো গুরুত্বপূর্ণভাবে আবহাওয়ার ঝুঁকি সম্পর্কে জনগণের সাথে আরো ভালো যোগাযোগ স্থাপন করতে দিবে।"

কেন্দ্রটি অ্যালবানি ইউনিভার্সিটির উদীয়মান প্রযুক্তি ও উদ্যোক্তা কমপ্লেক্স (Emerging Technology and Entrepreneurship Complex, ETEC) ভবনে স্থাপিত হবে, যেখানে বায়ুমণ্ডল ও জলবায়ু গবেষকদের দেশের সর্ববৃহৎ ক্লাস্টার রয়েছে, যার মধ্যে আছে NWS এবং অ্যালবানি ইউনিভার্সিটির বায়ুমণ্ডলীয় বিজ্ঞান গবেষণা কেন্দ্র (Atmospheric Sciences Research Center)। NWS এর অ্যালবানি অফিসের পাশে কৌশলীভাবে অবস্থিত হওয়ার পাশাপাশি, কেন্দ্রটি এছাড়াও ETEC ভবনে অবস্থিত বিদ্যমান মুখ্য সংস্থানকে কাজে লাগাবে, যেমন:

- একটি অত্যাধুনিক ডেটা এবং ভিজুয়াল বিশ্লেষণ কেন্দ্র, এক্সট্রিম সহযোগিতা, উদ্ভাবন এবং প্রযুক্তি (ExTREMEd Collaboration, Innovation, & Technology, xCITE) গবেষণাগারটি চরম আবহাওয়া ঘটনার সময় সেন্টারের কর্মকাণ্ডের ঘাঁটি হিসেবে কাজ করবে;
- দেশের সবথেকে আধুনিক স্টেটব্যাপী আবহাওয়া নেটওয়ার্ক, নিউ ইয়র্ক স্টেট মেসোনেট, যা অ্যালবানি ইউনিভার্সিটি তৈরি করেছে এবং স্টেটের পক্ষে ETEC ভবন থেকে এটি পরিচালনা করে; এবং
- অ্যালবানি ইউনিভার্সিটির জরুরি প্রস্তুতি, স্বদেশ নিরাপত্তা ও সাইবারনিরাপত্তা কলেজের (College of Emergency Preparedness, Homeland Security and Cybersecurity) সংশ্লিষ্ট দক্ষতা।

নিউ ইয়র্ক স্টেটের বার্ষিক 1.5 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগটি আনুমানিক 10টি পূর্ণকালীন পদ, শিক্ষার্থীদের ঘণ্টাভিত্তিক চাকরি, এবং ইন্টারশিপ সুযোগের অর্থায়ন করবে, এবং সেই সাথে নতুন ডেটা কম্পিউটিং পণ্য তৈরির জন্য এবং কেন্দ্রের পরিচালনা হাবের সরঞ্জাম ক্রয়ের জন্য মেসোনেটের সাথে কাজ করবে।

স্টেটের আবহাওয়া ঝুঁকি যোগাযোগ কেন্দ্রটি চরম আবহাওয়ায় জরুরি প্রস্তুতি ও সাড়াদানের জন্য মেসোনেটের ব্যবহার (Exploitation of Mesonets for Emergency Preparedness and Response in Weather Extremes, EMPOWER) প্রকল্পের অর্থায়ন করার জন্য ইউনিভার্সিটি কর্তৃক নিশ্চিত 3 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল অনুদানের সমতলে পরিচালিত হবে।

অ্যালবানি ইউনিভার্সিটির বায়ুমণ্ডলীয় বিজ্ঞানী এবং জরুরি প্রস্তুতি, স্বদেশ নিরাপত্তা এবং সাইবার নিরাপত্তা কলেজের মধ্যকার একটি অংশীদারিত্বের মাধ্যমে, EMPOWER কীভাবে [নিউ ইয়র্ক স্টেট মেসোনেটের](#) বাস্তব সময়ের ডেটা এবং অন্যান্য আধুনিক পর্যবেক্ষণ ব্যবস্থাকে কাজে লাগিয়ে জরুরি ব্যবস্থাপক, প্রথম সাড়াদানকারী, এবং অন্যান্য মুখ্য সরকারি ও বেসরকারি

স্টেকহোল্ডারদের জন্য নির্ধারিত নতুন সমর্থন যন্ত্রাদিকে একটি সুইচ তৈরি করা যায় তা বের করার চেষ্টা করবে। মার্কিন যুক্তরাষ্ট্রের স্বদেশ নিরাপত্তা বিভাগের (Department of Homeland Security) বিজ্ঞান ও প্রযুক্তি ডিরেক্টরেট (Science and Technology Directorate) দ্বারা সমর্থিত পাইলট প্রকল্পটি সারা দেশে জরুরি ব্যবস্থাপনা ফলাফল উন্নত করার জন্য বিগ ডেটা ব্যবহার করার সম্ভাবনাকে পরীক্ষা করে দেখার আঞ্চলিক পরীক্ষাশুল হিসেবে কাজ করবে। SWRCC এর মাধ্যমে, নিউ ইয়র্কবাসীরা EMPOWER এর অধীনে অর্জিত গবেষণার অগ্রসর দ্বারা লাভবানদের মধ্যে প্রথম হবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418